গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-২ শাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫১.২৭.০২০.২৬-৯৯ তারিখঃ ২৭/৯/২০২৬ খ্রি.

বিষয়ঃ ডা: শাকিলা ইসরাত জাহান (১৩০৪৭৮), সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারী), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা।

বিভাগীয় মামলা নং- ..৯৭../২০২৬।

অভিযোগনামা

যেহেতু আপনি ডা: শাকিলা ইসরাত জাহান (১৩০৪৭৮), সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারী), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;

যেহেতু আপনার মঞ্জুরকৃত লিয়েন সংরক্ষণের মেয়াদ গত ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখে অতিক্রান্ত হয়;

যেহেতু আপনার লিয়েন সংরক্ষণের মেয়াদ ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখে শেষ হলেও আপনি অদ্যাবধি কর্মক্ষেত্রে যোগদান করেননি যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু সরকারি কর্মচারী লিয়েন বিধিমালা ২০২১ মোতাবেক লিয়েন সংরক্ষণের মেয়াদ ০৩ (তিন) সপ্তাহের মধ্যে দেশে ফিরে কর্মস্থলে যোগদানের বাধ্যবাধকতা রয়েছে;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

২৭/৯/২০২৬

(ড. আ. ন. ম. বজলুর রশীদ)
সচিব

ডা: শাকিলা ইসরাত জাহান (১৩০৪৭৮)
সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারী)
ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
স্থায়ী ঠিকানা: ২৪/ক (নতুন), টমসমব্রিজ, কুমিল্লা সদর, কুমিল্লা।

নং- ৪৫.০০.০০০০.১৫১.২৭.০২০.২৬- ১১/২(১)   তারিখঃ ২৯/১/.২০২৬ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)।

২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)।

৪। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইল এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।

৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৯। অফিস কপি।

(মোঃ আবু সুফিয়ান)

উপসচিব (শৃঙ্খলা-২ শাখা)

অভিযোগ বিবরণী

ডা: শাকিলা ইসরাত জাহান (১৩০৪৭৮), সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারী), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং

তার মঞ্জুরকৃত লিয়েন সংরক্ষণের মেয়াদ গত ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখে অতিক্রান্ত হয় এবং

তার লিয়েন সংরক্ষণের মেয়াদ ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখে শেষ হলেও তিনি কর্মক্ষেত্রে যোগদান করেননি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং

সরকারি কর্মচারী লিয়েন বিধিমালা ২০২১ মোতাবেক লিয়েন সংরক্ষণের মেয়াদ ০৩ (তিন) সপ্তাহের মধ্যে দেশে ফিরে কর্মস্থলে যোগদানের বাধ্যবাধকতা রয়েছে এবং

ডা: শাকিলা ইসরাত জাহান এর উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গণ্য। এ কারণে তিনি অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(ড. আ. ন. ম. ফজলুর রশীদ)
সচিব